



“মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
দপ্তর ও সংস্থার প্রশাসন অনুবিভাগ
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫০.২৭.১৬৯.২০২১-৪৭৮

০৭ আশ্বিন, ১৪২৮
২২ সেপ্টেম্বর, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব নাবিলা নুঝাত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংদী {সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), চাঁপাইনবাবগঞ্জ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র} এর বিরুদ্ধে বিএমইটি কর্তৃক তদন্তে চাঁপাইনবাবগঞ্জ টিটিসিতে কর্মকালীন আর্থিক অনিয়মের অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, আপনি চাঁপাইনবাবগঞ্জ টিটিসির সীমানা প্রাচীরসহ অন্যান্য সিভিল ও স্যানিটারী কাজে ৩৫১ বর্গ মিটার কীটাতার রং না করা সত্ত্বেও রং বাবদ বিধি বহির্ভূতভাবে ৫১,৯৪৮/- (একান্ন হাজার নয়শত আটচল্লিশ) টাকার বিল পরিশোধ করেছেন;

যেহেতু, আপনি অধ্যক্ষের অফিস কক্ষে ৫৫৩.৯৬ বর্গ মিটার প্লাস্টারের কাজ না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে ১,৩৫,৩৮৯/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত উননব্বই) টাকার বিল পরিশোধ করেছেন;

যেহেতু, আপনি সীমানা প্রাচীরসহ অন্যান্য ভবন ও স্থাপনা রং ও প্লাস্টার না করে বিধি বহির্ভূতভাবে বিল পরিশোধ করেছেন এবং এতে সরকারের ১,৮৭,৩৩৭/- (এক লক্ষ সাতাশ হাজার তিনশত সাতত্রিশ) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে;

যেহেতু, আপনার এরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) মোতাবেক ‘অসদাচরণের’ অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ৪/২০২১, তারিখঃ ২৫/০৫/২০২১, রুজু করে কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, উক্ত কারণ দর্শানোর জবাবের সাথে আপনি ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন এবং গত ০৭/০৯/২০২১ তারিখ আপনার শুনানীকালে আপনি যথাযথ তথ্য প্রমাণ উপস্থাপন করে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি। জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারায় ‘অসদাচরণের’ দায়ে অভিযুক্ত করা হয়;

সেহেতু, জনাব নাবিলা নুঝাত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), নরসিংদী, টিটিসি {সাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) চাঁপাইনবাবগঞ্জ}-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি (৪) এর উপবিধি ২ (১) এর (গ) অনুযায়ী কর্তব্যে অবহেলা ও সরকারী আর্থিক বিধি যথাযথ পালন না করার দায়ে সরকারের আর্থিক ক্ষতির ১,৮৭,৩৩৭/- (এক লক্ষ সাতাশ হাজার তিনশত সাতত্রিশ) টাকা এক সাথে অথবা কিস্তিতে আগামী ০১ (এক) বছরের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক জমার প্রমাণক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ মন্ত্রণালয়ে পেশ করতে নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত

তারিখঃ ২২/০৯/২০২১খ্রিঃ

ড. আহমেদ মুনিরুছ সালেহীন
সচিব

জনাব নাবিলা নুঝাত
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
নরসিংদী।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

নং-৪৯.০০.০০০০.০৫০.২৭.১৬৯.২০২১-৪৭৮/১(১০)

০৭ আশ্বিন, ১৪২৮

২২ সেপ্টেম্বর, ২০২১

- ০১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান প্রশিক্ষণ বুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। চীফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ✓০৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নরসিংদী।
- ০৯। অতিরিক্ত সচিব (সংস্থা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।

(মোঃ আবদুল খালেক)

সহকারী সচিব

ফোন: ০২-৪১০৩০২৬৫

ই-মেইল:-asorg@probashi.gov.bd